



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ
doict.bhaluka.mymensingh.gov.bd



স্মারক নম্বর: ৫৬.০৪.৬১১৩.০০০.১৬.০০৩.২৩-২৮

তারিখ: ০৮ জৈষ্ঠ্য ১৪৩০ বঙ্গাব্দ
২২ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের জন্য আবেদন আহ্বান।

ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশের রূপান্তরের মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক উন্নয়ন এবং দেশের মানব সম্পদকে বিশ্বমানের হিসেবে গড়ে তোলার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবকদের কর্মসংস্থানের নিমিত্ত ভালুকা, ময়মনসিংহ উপজেলায় ১৫ দিন ব্যাপী মোট ৪৫ ঘন্টার ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে। আগ্রহী, দক্ষ ও মনযোগী এবং ১৫ (পনের) দিনের প্রশিক্ষণে পুরো সময় দিতে সক্ষম এমন প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত সময়সূচি ও শর্তাবলী অনুসরণ পূর্বক অনলাইনে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

কোর্সের নামঃ ডিজিটাল মার্কেটিং

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখঃ ০২ জুন, ২০২৩, রাত ১১:৫৯ ঘটিকা

অনলাইন আবেদন লিংকঃ <https://rb.gy/4ntzl>

প্রশিক্ষার্থীর যোগ্যতা:

- ১৮-৩৫ বছর বয়সী বাংলাদেশী নাগরিক।
- নূন্যতম এইচ.এস.সি পাশ ও ইংরেজীতে দক্ষ হতে হবে।
- বেসিক আইসিটি, এম.এস.ওয়ার্ড, এক্সেল, ফটোশপ/ইলাস্ট্রেটর ও কম্পিউটার পরিচালনায় দক্ষ।
- ফ্রিল্যান্সিংকে পেশা হিসেবে গ্রহণ করতে ইচ্ছুক এবং নিজস্ব ল্যাপটপ আছে এমন প্রার্থী অগ্রাধিকার পাবেন।
- ফ্রিল্যান্সিং এ আগ্রহী ও মনযোগী এবং ১৫ (পনের) দিনের প্রশিক্ষণের পুরোর সময় দিতে সক্ষম হতে হবে।

প্রশিক্ষণের সুবিধাসমূহঃ

- প্রশিক্ষার্থীদের অভিজ্ঞ ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।
- বাংলাদেশের সেরা ফ্রিল্যান্সার কমিউনিটির সাথে বিভিন্ন প্ল্যাটফর্মে ও প্রজেক্টে কাজ করার সুযোগ থাকবে।
- প্রশিক্ষণ সমাপ্তে সরকারি সার্টিফিকেট প্রদান করা হবে।
- মার্কেটপ্লেসে আউটসোর্সিং করে বৈদেশিক মুদ্রা আয়ের সুযোগ তৈরি হবে।

শর্তাবলিঃ

- প্রশিক্ষণের জন্য অনলাইনে আবেদন করতে হবে।
- আবেদনকৃত প্রশিক্ষার্থীদের নির্ধারিত তারিখ ও সময়ে লিখিত, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।
- প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের কোন প্রশিক্ষণ ভাতা/আর্থিক সুবিধা প্রদান করা হবেনা।
- বিস্তারিত তথ্যের জন্য bhaluka.mymensingh.gov.bd ও doict.bhaluka.mymensingh.gov.bd ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

তারিখঃ ২২-০৫-২০২৩

(মোঃ আতিকুর রহমান তালুকদার)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ

মোবাইল: +৮৮০১৭১৭ ১৮৪৪৪১

ই-মেইল: doict.bhaluka.mymensingh@gmail.com